

বিষয় : পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার ইনোভেশন অফিসারদের সমন্বয়ে ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. মোহাম্মদ মুনসুর রহমান, পরিচালক, গবেষণা ও মূল্যায়ন বিভাগ।
সভার তারিখ ও সময় : ০৬ নভেম্বর, ২০১৯ রোজ- বৃহস্পতিবার, সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান : অনুঘদ ভবন-২ (কক্ষ নং-০৫ দ্বিতীয় তলা)

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-ক সদয় দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল ইনোভেশন টিমের সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং তিনি পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১১-২০এর পরিপেক্ষিতে বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করেন।


আলোচনা :

- ১। উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধিতে ১দিন ও ২ দিনের প্রশিক্ষণ কর্মশালার আয়োজন।
- ২। ইনোভেশন বিষয়ক তথ্য ইনোভেশন কর্ণারে হালা নাগাদ করা।
- ৩। একাডেমীর উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন।
- ৪। ইনোভেশন শোকেসিং আয়োজন সংক্রান্ত।
- ৫। স্বীকৃতি বা প্রনোদন প্রদানে ডিও লেটার প্রদান।

বিস্তারিত আলোচনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

- ১। উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত ১ দিনের কর্মশালাটি একাডেমীর ৮টি বিভাগ ও বিভিন্ন শাখার প্রধানসহ মোট ৫০ জনের প্রশিক্ষণের ব্যবস্থা আগামী ১৫ জানুয়ারি, ২০২০ (বুধবার) এবং ২ দিনের কর্মশালা একাডেমী বিভিন্ন শাখার প্রদান ও কর্মচারীসহ মোট ৮০ জনের ৮, ৯ জানুয়ারি, ২০২০ তারিখে আয়োজন করা হবে। জনাব ড. মোহাম্মদ মুনসুর রহমান ও জনাব শেখ সায়েম ফেরদৌস এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ২। একাডেমীর উদ্ভাবনী উদ্যোগগুলো একাডেমীর প্রশিক্ষার্থীদের পরিদর্শনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য একটি চিঠি পরিচালক (প্রশিক্ষণ) বরাবর দেওয়ার জন্য জনাব শেখ সায়েম ফেরদৌস কে অনুরোধ করা হলো।
- ৩। আগামী ১০ই মে, রোজ (রবিবার) ২০২০ তারিখে তিন জন কর্মকর্তা/কর্মচারীদের একাডেমী উদ্ভাবনী সেবা সহজিকরণের জন্য স্বীকৃতি স্বরূপ তাদের ডিও লেটার প্রদান করা হবে। মহাপরিচালক মহোদয়ের পরামর্শক্রমে কমিটি গঠন করা যেতে পারে।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মোহাম্মদ মুনসুর রহমান
পরিচালক (গবেষণা ও মূল্যায়ন)
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।